

### 3 (Sem-5/CBCS) BEN HE 2

2021

( Held in 2022 )

BENGALI

Paper : BEN-HE-5026

( Honours Elective )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১×১০=১০

- (ক) স্বামী বিবেকানন্দ কত বছর বয়সে সন্ন্যাস নিয়েছিলেন ?
- (খ) স্বামী বিবেকানন্দের মাতা ভুবনেশ্বরী দেবীর জন্ম কত সালে হয়েছিল ?
- (গ) 'বিবেকানন্দ ইন দ্য ওয়েস্ট' গ্রন্থটি কে লিখেছিলেন ?
- (ঘ) স্বামীজির মৃত্যুর পর তাঁর মা ও ভাইদের দায়িত্ব কে নিয়েছিলেন ?
- (ঙ) কে রবীন্দ্রনাথের দাদার জন্য পদ্মা থেকে ইলিশ মাছ আর কচ্ছপের ডিম এনে দিতেন ?

( 2 )

- (চ) 'তোশাখানা' কাকে বলা হত ?
- (ছ) রবীন্দ্রনাথ লন্ডন ইউনিভার্সিটিতে কতদিন পড়েছিলেন ?
- (জ) কত টাকা পুঁজি নিয়ে বারীন্দ্র 'যুগান্তর' পত্রিকা শুরু করেছিলেন ?
- (ঝ) জাতীয় শিক্ষার জন্যে কে বরোদার চাকরি ছেড়ে এসেছিলেন ?
- (ঞ) "Passive Resistance-এ তিনি মহাত্মা গান্ধিরও গুরু।" এখানে কার কথা বলা হয়েছে ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

- (ক) স্বামী বিবেকানন্দের দুই ভাইয়ের নাম লেখো।
- (খ) "নরেন কাম্বোজের ছেলে, বাপ উকিল, বাড়ি সিমলে।" নরেন্দ্রনাথের এই পরিচয় ও ঠিকানা কে, কাকে দিয়েছিলেন ?
- (গ) ছেলেবেলায় রবীন্দ্রনাথ কাদের কাছ থেকে কৃত্তিবাসের 'রামায়ণ' শুনিয়েছিলেন ?
- (ঘ) রবীন্দ্রনাথের দু'জন সংগীত-গুরুর নাম লেখো।
- (ঙ) উপেন্দ্রনাথ কার কাছ থেকে সন্ন্যাস-দীক্ষা গ্রহণ করেছিলেন ? তিনি কোন্ মঠের সঙ্গে জড়িত ছিলেন ?

( 3 )

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- (ক) সন্ন্যাস সম্পর্কে বিবেকানন্দের অভিমত কী ছিল ?
- (খ) মৃত্যুর কয়েকদিন পূর্বে স্বামীজি কীভাবে পারিবারিক মোকদ্দমার স্থায়ী সমাধান করেছিলেন, আলোচনা করো।
- (গ) 'ছেলেবেলা' গ্রন্থে জননী সম্বন্ধে রবীন্দ্রনাথ যে স্মৃতিচারণ করেছেন তার একটি বিবরণ প্রস্তুত করো।
- (ঘ) "বরাবর এই দুপুর বেলাটা নিয়েছে আমার মন ভুলিয়ে।" ছেলেবেলায় রবীন্দ্রনাথ দুপুর বেলাটা কীভাবে কাটাতেন তা আলোচনা করো।
- (ঙ) উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের গ্রেপ্তারের দৃশ্যটি বর্ণনা করো।
- (চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :  
"সবটাই ব্যবসাদারী কাণ্ড। কয়েকটি সরকার বাহাদুরের গোলাম; আপনাদের দেহের রক্ত জল করিয়া সরকারী কোষাগার পূর্ণ করাতেই তাহাদের অস্তিত্বের সার্থকতা।"

৪। (ক) সন্ন্যাসী বিবেকানন্দ ও তাঁর জননীর সম্বন্ধের আলোচনায় জননীদেবের সঙ্গে শঙ্করাচার্য ও চৈতন্যদেবের সম্বন্ধের যে প্রসঙ্গ উত্থাপিত হয়েছে তা আলোচনা করো।  $১০$

অথবা

- (খ) জীবনের শেষ পর্বে অসুস্থতার মধ্যেও বিবেকানন্দ যে কাজগুলো করেছিলেন তার বিবরণ দাও।

( 4 )

৫। (ক) জোড়াসাঁকো ঠাকুরবাড়ির পরিচারকদের নিয়ে রবীন্দ্রনাথের স্মৃতিচারণ সম্পর্কে লেখো। ১০

অথবা

(খ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের প্রসঙ্গ আলোচনা করো।

৬। (ক) আন্দামান জেলে কয়েদী-নিগ্রহের বর্ণনা দাও। ১০

অথবা

(খ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থের নামকরণের সার্থকতা বিচার করো।

৭। (ক) 'আত্মজীবনী' ও 'স্মৃতিকথা'র পার্থক্য নির্দেশ করে 'ছেলেবেলা' কোন ধরনের রচনা তা নির্ধারণ করো। ১০

অথবা

(খ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থে বারীন্দ্রকুমার ঘোষ অথবা উল্লাসকর দত্তের যে জীবন-বৃত্তান্ত আলোচিত হয়েছে তা ব্যক্ত করো।

\*\*\*